‘ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট’- ২০১৯
বাংলাদেশি এবং আন্তর্জাতিক শিল্পীদের সংক্ষিপ্ত পরিচিতি

শাহ্ আলম সরকার

বাংলা বাউল গানের এক অনন্য শিল্পী, গীতিকার ও সুরকারের নাম শাহ্ আলম সরকার। পারিবারিকভাবেই তিনি বাউল গানের সাথে যুক্ত। শাহ্ আলম সরকার মনে করেন গান নিয়ে জানার বা শেখার কোন শেষ নেই। তাই তিনি এখনও গান নিয়ে পড়াশুনা চালিয়ে যাচ্ছেন। সংগীত জীবনে তাঁর ৬৫০টিরও বেশি অ্যালবাম বের হয়েছে। তাঁর লেখা ও সুর করা অসংখ্য গানে কণ্ঠ দিয়েছেন গুণী শিল্পী মমতাজ বেগম। শাহ্ আলম সরকার বিভিন্ন আসরে পালাগান পরিবেশন করে থাকেন। গুণী এই শিল্পী বাউল সংগীতকে সবার মাঝে পৌঁছে দিতে চান।

Shah Alam Sarkar

A significant name of Bangla folk music is Shah Alam Sarkar. The versatile folk singer is the creator of more than two thousand songs. He has recordings over six hundred and has been continuously working to revive and preserve Baul music. The lyricist and musician worked with legends of music, such as- Momtaz Begum, Runa Laila, Sabina Yasmin. His musical journey started from his childhood and later even studied music. Shah Alam believes that music has no limit and a musician should dedicate his life to the prayer of music. He worked with Momtaz Begum in more than 70 albums. Shah Alam Sarkar performs Palagaan in different festivals. This amazing Baul singer wants to spread Bangla folk music to everyone.

ফকির শাহাবুদ্দিন

বাংলাদেশের লোকসংগীত, বাউল ও সুফি গানের জনপ্রিয় শিল্পী ফকির শাহাবুদ্দিন। পাশাপাশি তিনি একজন গীতিকার, সুরকার ও সংগীত গবেষক। লোকগানের কিংবদন্তী শাহ আবদুল করিমের সান্নিধ্যে আসার পর বাউল গানের দিকে ঝুঁকে পড়েন ফকির শাহাবুদ্দিন। তিন দশকের বেশি সময় ধরে বাউল সংগীতের সাথে জড়িত তিনি। এ পর্যন্ত ৭টি একক অ্যালবাম এবং বেশ কয়েকটি যৌথ অ্যালবাম প্রকাশিত হয়েছে তাঁর। ফকির শাহাবুদ্দিন দীর্ঘদিন ধরে বাউল গান নিয়ে গবেষণা করছেন, গ্রামে গ্রামে ঘুরে সংগ্রহ করেছেন প্রায় চল্লিশ থেকে পঁয়তাল্লিশ হাজার বাউল গান। বাংলা লোকসংগীতকে সারা বিশ্বে ছড়িয়ে দিতে দেশে-বিদেশে গান করে আসছেন ফকির শাহাবুদ্দিন।

Fakir Shahabuddin

Bangla folk music is blessed to have an artist like Fakir Shahabuddin. He sings Baul & Sufi songs. The protégée of Shah Abdul Karim, Fakir Shahabuddin is bestowing Bangla folk music for more than three decades with his enchanting singing. He is a true jewel of Bangla folk music, who has been researching and collecting Baul songs for years now. This lyricist, musician and music researcher has collected forty to forty-five thousand Baul songs from remotest villages of Bangladesh and archived them. He has worked in 7 single and few mixed albums Fakir Shahbuddin wants to spread Bangla folk music across the globe.

চন্দনা মজুমদার

চন্দনা মজুমদার মূলত লালন সংগীত শিল্পী। কুষ্টিয়ার গড়াই নদীর পাড়ে জন্ম এই গুণী শিল্পীর। বাবা নির্মলচন্দ্র মজুমদার লালনগীতির শিল্পী হলেও তিনি চেয়েছিলেন নজরুলগীতি করুক চন্দনা। কিন্তু কুষ্টিয়া এলাকা এবং পারিবারিক পরিবেশ তাঁকে নিয়ে আসে লালনের সুরে। লালনের বাইরে রাধারমণ, হাসন রাজা, শাহ্ আবদুল করিমসহ আরও বিভিন্ন গীতিকবির গান করেন তিনি। ২০০৯ সালে তিনি জাতীয় চলচ্চিত্র পুরস্কার পান। প্রখ্যাত বাউল গানের শিল্পী কিরণ চন্দ্র রায় তাঁর সহধর্মী।

Chandana Majumdar

The admirer of Lalon, Chandana Majumdar is one of the eminent folk singers of Bangladesh. Listeners find solace in the singing of this winner of 'Bangladesh National Film Award'. She was raised in a musical family in Kushtia. Her father Nirmal Chandra Majumdar steered her journey towards music. She performs songs of Radharomon, Hasonraja and Shah Abdul Karim. Chandana takes inspiration from Nina Hamid, Ferdausi Rahman, Rathindranath Roy, Indra Mohan Rajbongshi, Farida Parveen and Kiran Chandra Roy.

কাজল দেওয়ান

বাউলশিল্পী কাজল দেওয়ানের জন্ম ১৯৬৮ সালে ঢাকার কেরানীগঞ্জ-এ। ছোটবেলায় বাবা-মার সাথে হারমোনিয়াম বাজিয়ে গানে হাতেখড়ি হয় তাঁর। বাবা প্রখ্যাত বাউল মাতাল কবি আব্দুর রাজ্জাক দেওয়ানের হাত ধরে নিজেকে বাউল গানের সুরে আষ্টেপৃষ্ঠে জড়িয়ে ফেলেন কাজল দেওয়ান। তাঁর ঝুলিতে রয়েছে প্রায় তিনশ'র মত অডিও অ্যালবাম। নিজের গানের মাধ্যমে পালাগান ও লোকসংগীতকে দেশের বিভিন্ন প্রান্তে পৌঁছে দিচ্ছেন কাজল দেওয়ান।

Kajol Dewan

Kajol Dewan is a treasure of Bangla folk songs. He binds audience with his enchanting performance and singing. He was raised in a musical family, where the ambience of melody embedded in his way of living. Holding his father Matal Kobi Abdur Rajjak Dewan's hand, he stepped into the sphere of folk music. He has released more than 300 audio albums. He has been performing Palagan and Baul songs all over the country

মালেক কাওয়াল

মালেক কাওয়াল বাংলা লোকসংগীতের এক অনন্য নাম। চার দশকের বেশি সময় ধরে কাওয়ালী গান গেয়ে আসছেন তিনি। মালেক কাওয়ালের গানে হাতেখড়ি তার গুরু মহীন কাওয়ালের কাছে। পরবর্তীতে তিনি ওস্তাদ মরহুম টুনু কাওয়ালের কাছে তালিম নিয়েছেন। কাওয়ালী গানের পাশাপাশি তিনি মাইজভান্ডারি গানেও পারদর্শী। মালেক কাওয়াল আশা করেন কাওয়ালী গানের মূর্ছনা ছড়িয়ে পড়বে বিশ্বব্যাপী।

Malek Kawal

Malek Kawal has been practicing Qawwali songs for more than 4 decades now. He started his musical lessons from his Guru Mohin Kawal, later from Ostad Tunu Kawal. He is an expert of Qawwali music along with Maijvandari songs. He wants to spread the melody of Qawwali music to everyone.

কামরুজ্জামান রাব্বি

কামরুজ্জামান রাব্বি বর্তমান সময়ের বাংলা লোকগানের একটি জনপ্রিয় নাম। দোতারা বাজিয়ে লোকগান গেয়ে এই শিল্পী খুব অল্প সময়েই জনপ্রিয়তা অর্জন করেছেন। চাচা আবদুল জলিলের কাছ থেকে দোতারা বাজানো শেখেন রাব্বি। গান শেখেন রাজশাহীতে, ওস্তাদ নিজামুল ইসলাম খানের কাছে। ২০১৬ সালে সান ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত বাউল গানের রিয়ালিটি শো 'বাউলিয়ানা'র মঞ্চে সর্বপ্রথম নজর কাড়েন রাব্বি। তিনি বাংলাদেশ টেলিভিশন ও বেতারের একজন তালিকাভুক্ত শিল্পী।

Kamruzzaman Rabbi

The young talent Kamruzzaman Rabbi is a dedicated folk singer. While learning Dotara from his uncle Abdul Jolil, he developed his keen for Bangla folk music and decided to pursue it. He got his major break at the only TV reality show of Folk music 'Bauliana' organized by Sun Foundation back in 2016. He was the fourth runners-up of the musical talent show. Rabbi performs genres like Palli Geeti, Loko Geeti, Lalon Geeti and so on. He is an enlisted folk singer and Dotara player on Bangladesh Television and Bangladesh Betar.

শফিকুল ইসলাম

মাটির গান গেয়ে কৈশোরেই শ্রোতাদের মনে জায়গা করে নিয়েছে শফিকুল ইসলাম। ২০১৬ সালে সান ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত 'বাউলিয়ানা'য় প্রথম রানারআপ হয়ে আলোচনায় আসে শফিকুল। মূলত বাউল ও বিচ্ছেদি গান করলেও সব ধরণের গানেই পারদর্শিতা রয়েছে এই ক্ষুদে শিল্পীর। ময়মনসিংহের ছেলে শফিকুল এখন গান গাইছে দেশের বড় বড় সব মঞ্চে, লোকগান দিয়ে মাতিয়ে রাখছে সারা দেশ। ইউটিউবে তার গাওয়া বিভিন্ন গান পেয়েছে উল্লেখযোগ্য জনপ্রিয়তা।

Shafikul Islam

Shafikul Islam is a rare gem of Bangla folk music. He is the 1st runner-up of 'Bauliana' 2016 organized by Sun Foundation. In such young age, he has already captured the heart of millions with his musical talent. From Mymensingh's audition round to becoming the top contender of the TV reality show made his musical journey worthwhile. He has been performing in different shows and festivals since then and spreading his love for folk music.

প্রেমা ও ভাবনা নৃত্য দল

নাচের ভুবনে ২০০৭ সালে শুদ্ধ নৃত্য চর্চায় বিশ্বাসী 'ভাবনা নৃত্যদলের' আগমন। বাংলাদেশের জনপ্রিয় নৃত্যশিল্পী ও কোরিওগ্রাফার শামীমা হোসাইন প্রেমার হাত ধরে এই নৃত্যদলের যাত্রা শুরু। প্রথম থেকেই ভাবনা নৃত্যদল বিভিন্ন নৃত্য আঙ্গিকের মাধ্যমে নজরুল ও রবীন্দ্রনাথকে মঞ্চে নিয়ে আসতে চায়। ভাবনা নৃত্যদল বিশ্বাস করে এর মাধ্যমে আমাদের দেশের সংস্কৃতি এবং শেকড়ের সংরক্ষণ করা সুন্দর ভবিষ্যতের দিকে এগিয়ে যাওয়া সম্ভব। এছাড়াও ভাবনা নৃত্যদল বিভিন্ন ঐতিহ্যবাহী লোকনৃত্য, রাঁয়বেশে এবং আধুনিক ধারার নাচ পরিবেশন করে থাকে। ইতোমধ্যে তারা 'ভানুসিংহের পদাবলি', 'শকুন্তলা', 'পাপমোচন' প্রভৃতি পরিবেশন করেছে। ভবিষ্যতে নাচের সম্প্রসারণ এবং বিকাশে 'ভাবনা নৃত্যদলের' অনেক পরিকল্পনা রয়েছে।

Prema & Bhabna Nritya Dol

Bhabna Nritya Dol began its journey in the world of dance from 2007. Since then, popular choreographer Samina Husain Prema has been giving her guidance to this dance group. They combine classical dance forms with Nazrul and Tagore styles. They want to preserve the old practices of dance forms while expanding and evolving into traditions further. Folk, Martial and Contemporary are the other dance genres that Bhabna Nritya Dol has explored. Bhabna Nritya Dol has performed dance act in various exhibitions, such as- 'Bhanushingher Padaboli' 'Shakuntola', 'Paapmochon'. They have many plans regarding dance and its progress.

আন্তর্জাতিক শিল্পী

দালের মেহেন্দি (ভারত)

দালের মেহেন্দির জন্ম ১৯৬৭ সালে বিহারের পাটনায়। নব্বইয়ের দশকের মাঝামাঝি সময়ে পাঞ্জাবি ভাঙড়া গান দিয়ে সারা ভারতে ঝড় তোলেন তিনি। ১৯৯৫ সালে তার প্রথম অ্যালবাম 'বোলো তা রা রা রা...' প্রায় ২০ মিলিয়ন কপি বিক্রি হয়, যা কিনা একটি রেকর্ড। প্রায় তিন দশকের ক্যারিয়ারে শ্রোতাদের অসংখ্য হিট গান উপহার দিয়েছেন, সুখ্যাতি পেয়েছেন বলিউডে প্লেব্যাক করেও। 'দ্য কিং অব ভাঙড়া ' দালের মেহেন্দির কণ্ঠে পাঞ্জাবি ভাঙড়া গান সীমানা পেরিয়ে বিশ্বব্যাপী জনপ্রিয়তা পেয়েছে।

Daler Mehndi

Daler Mehndi has been entertaining music lovers from all over the world with his energetic Punjabi voice. He inherited the legacy of music from his family.

His music has been endowed with many appellations, such as 'Sultan of Swing', 'Sardar of Swing', 'The King of Bhangra'. Year after year, he has gifted audiences with melodious 'Bolo Ta Ra Ra Ra' to the energy of the Bhangra inspiration 'Balle Balle', from Phenomenal 'Tunak Tunak' to the Sufi hymn 'Bismillah'. He is a master of music who ignites fire on stage with his powerhouse performance and versatile vocal. Audience fully enjoys his signature dance steps and enthusiasm in the concert. Recently, he has been awarded as "Best Live Performer" by Global Indian Music Awards (GiMA).

জুনুন (পাকিস্তান)

উপমহাদেশের সংগীতপ্রেমীদের কাছে 'জুনুন' এক উন্মাদনার নাম। পাকিস্তানি এই ব্যান্ডটি সুফি ঘরানার গান দিয়ে দুই যুগেরও বেশি সময় ধরে শ্রোতাদের মোহাবিষ্ট করে রেখেছে। ১৯৯৭ সালে নিজেদের চতুর্থ অ্যালবাম 'আজাদি' দিয়ে সারা উপমহাদেশে ঝড় তোলে জুনুন। অ্যালবামের প্রথম গান 'সাইওনি' পাকিস্তান, ভারত এবং বাংলাদেশ- তিন দেশের শ্রোতাদের কাছেই তুমুল জনপ্রিয়তা পায়। বিশ্বব্যাপী 'জুনুন'-র ত্রিশ মিলিয়নেরও বেশি অ্যালবাম বিক্রি হয়েছে।

Junoon

Junoon is sweeping melodies all over the world with their love for eastern mystical Sufi music for decades now. Junoon was founded in 1990 by Salman Ahmad the lead guitarist of the band. Ali Azmat and Brian O'Connell are the other members of the band. For the last twenty-five years, Junoon has entwined the audience with magical euphony of Sufi music.

They shared stages with Nusrat Fateh Ali Khan, Melissa Etheridge, Alicia Keys, Sting, A R Rahman, Earth Wind and Fire, and Wyclef Jean; performed at diverse venues like the U.N. General Assembly Hall, the Nobel Peace Prize ceremony in Oslo. The band's career has numerous blockbuster hits. Junoon has sold over 30 million albums worldwide, including the multi-platinum albums

হিনা নাসরুল্লাহ (পাকিস্তান)

হিনা নাসরুল্লাহ তার সুরেলা কণ্ঠের জন্য সুপরিচিত। তিনি মূলত সুফী ঘরানার গান করেন। খুব ছোটবেলায় পাকিস্তানি টেলিভিশনে হামদ ও না'ত পরিবেশনার মাধ্যমে তার সংগীত জীবনের শুরু। বিশ্বের নানা প্রান্তে সুফী কনসার্টে সুরের মূর্ছনায় শ্রোতাদের মাতিয়ে রেখেছেন তিনি। তিনি উর্দুর পাশাপাশি সিন্ধি এবং সারাইকি ভাষায়ও গান করে থাকেন। হিনা নাসরুল্লাহ তার অসাধারণ গায়কী দিয়ে সমগ্র বিশ্বের সংগীতপ্রেমীদের মুগ্ধ করে চলেছেন।

Hina Nasrullah

Hina Nasrullah is a sound of tranquility and transcendence from Pakistan. Musical Guru Yousaf Salahuddin discovered the talented young girl with a pristine voice who sings folk and Sufi music. After that, she made her debut with a program on PTV called 'Virsa Heritage' and since then she has been mesmerizing music lovers from all over the globe. She sings in Urdu, Sindhi and Saraiki language and performs Sufi concerts. She is among the greatest Sufi, Ghazal and folk genres singers. The compositions of Allama Iqbal, Baba Bulleh Shah, Baba Sheikh Farid, Alam Lohar, Sachal Sarmast, the Sufi mystic from Sindh, Shah Abdul Latif Bhittai gets new definition with her singing. She has been a blessing to the sphere of music and her voice has crossed the boundaries of border. Hina Nasrullah is a rising jewel of Sufi music and she keeps spawning her euphony to audience.

হাবিব কইটে অ্যান্ড বামাদা (মালি)

মালিয়ান লোকসংগীতের জীবন্ত কিংবদন্তী হাবিব কইটে। নব্বইয়ের দশকের শুরুতে তাঁর প্রথম অ্যালবাম 'মুসো কো' দিয়ে বিশ্বব্যাপী সংগীতপ্রেমীদের দৃষ্টি আকর্ষণ করেন। এরপর তাঁকে আর পেছনে ফিরে তাকাতে হয়নি। তিনি দুই যুগেরও বেশি সময় ধরে ভিন্নধর্মী গিটারবাদন এবং গায়কী দিয়ে শ্রোতাদের মাতিয়ে রেখেছেন। ১৯৯৪ সাল থেকে তিনি নিজের ব্যান্ড বামাদাকে নিয়ে প্রায় ১৭শ কনসার্টে গান করেছেন, পারফর্ম করেছেন বিশ্বের সবচেয়ে বড় বড় মঞ্চে।

Habib Koité & Bamada

Habib Koité hardly needs an introduction. He is the most popular and recognized folk musician of Mali. In the mid-90s, he made to number three on the European World Music Charts for his first album "Muso Ko". He inherited his passion for music from his family, developed a unique guitar style from his Griot mother. The perfectionist Habib Koité draws on styles from the different regions of Mali by integrating rock and folk sounds of the Western world without toning down his Malian root and music. His band Bamada released five CDs. Habib Koité & Bamada have performed more than 1700 shows since 1994 and that is one of the keys to their success. He along with his band appeared on some of the world's most prestigious concert stages worldwide.

সাত্তুমা (রাশিয়া)

সাত্তুমা রাশিয়ান কারেলিয়া অঞ্চলের সবচেয়ে জনপ্রিয় ব্যান্ডগুলোর মধ্যে একটি। পারিবারিক এই ব্যান্ডটির যাত্রা শুরু ২০০৩ সালে। নিও ফোক ঘরানার গান নিয়ে সাত্তুমা ট্যুর করেছে ইউরোপের নানা প্রান্তে। মঞ্চে নানা ধরনের ইন্সট্রুমেন্ট বাজিয়ে এক অদ্ভুত মূর্ছনায় দর্শককে আবিষ্ট করে রাখেন সাত্তুমার সদস্যরা। রাশিয়া, আমেরিকা, ফিনল্যান্ড, স্ক্যান্ডিনেভিয়া, এস্তোনিয়া এবং জার্মানির বিভিন্ন অঞ্চলে নিজেদের গান দিয়ে জনপ্রিয়তা অর্জন করেছে তারা।

Sattuma

From the faraway lands of Russian Karelia 'Sattuma' is a Karelian-Finnish Folk band. This family-based Neo-folk band has been harmoniously blending the traditional and modern times. Since the beginning in 2003, Sattuma has pulled the heartstrings of people from Russia, USA, Finland, Scandinavia, Estonia, and Germany with their repertoire in different concert, halls, clubs and festivals.

The songs of Sattuma range from the dialects of Finnish, Karelian and Russian. Till date, they have released 6 albums. They arrange melodious folk music by combining traditional folk music with their original style. The number of musicians is less than the instruments Sattuma plays in one show. Violins, bouzouki, kantele, jouhikko, bass; and wind instruments: clarinet, bagpipe, shepherd's flutes, chipsans, mankeri, didgeridoo, also accordion, harmonica, jew's harp and what not!

শেভেনেবুরেবি (জর্জিয়া)

জর্জিয়ান ফোক ব্যান্ড শেভেনেবুরেবি যাত্রা শুরু করে ২০০১ সালে। বিভিন্ন ধরনের ফোক ইন্সট্রুমেন্টের সমন্বয়ে ভিন্নধর্মী সংগীতায়োজন তাদের গানের প্রধান বৈশিষ্ট্য। গান গাওয়ার পাশাপাশি ব্যান্ডটি জর্জিয়ার বিভিন্ন অঞ্চল থেকে ফোক গান সংগ্রহ করে থাকে। শেভেনেবুরেবি জর্জিয়ান ফোক সংস্কৃতিকে পুনরুজ্জীবিত করার লক্ষ্যে কাজ করে চলেছে। ইউরোপ এবং এশিয়ার বিভিন্ন দেশে বড় বড় কনসার্টে গান করেছে তারা।

Chveneburebi

Magical 'Chveneburebi' is a traditional folk group from the land of mystic Georgia. The 8 members of the band come from different regions of the country and that is the uniqueness of their ensemble. Each of the band members can play authentic Georgian folk musical instruments and dance as well. On top of that, they can sing in three voices, specialized in traditional vocal polyphony. The repertoire of Chveneburebi concerts harmonizes pure Georgian folk and ethnomusical compositions by the group, including the standard drum, keyboard and bass guitar. The band is on a constant pursuit to discover old –lost Georgian folk songs and reviving them to people; also they are working on archiving them. Every now on then, they arrange folk expeditions in different parts of the country. This amazing band has performed in many countries of Europe and Asia.

Being an audience of Chveneburebi concert stirs pure form of emotion that only comes from music. They bring the ingenuity and incredible flame of Georgian history and art through their performances.